



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

পত্র নং- ১৫২২


তারিখ : ২৪/১১/২০২১ খ্রি.

বিষয় : এসএসসি পরীক্ষা ২০২১ এর ব্যবহারিক খাতার (নোট বুক) নম্বর প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, এসএসসি পরীক্ষা ২০২১ এর ব্যবহারিক খাতার (নোট বুক) নম্বর প্রদানের লক্ষ্যে কেন্দ্র সচিব ও প্রতিষ্ঠান প্রধানকে নিম্নলিখিত কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার জন্য অনুরোধ করা হলো।

১. প্রতিষ্ঠানকে নিজ নিজ পরীক্ষার্থীর ব্যবহারিক খাতা (নোট বুক) এর মূল্যায়ন শেষে বোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত ছক (Blank Mark Sheet) কেন্দ্র থেকে সংগ্রহ করে প্রাপ্ত নম্বরের তালিকা প্রস্তুত করে আগামী ২৮/১১/২০২১ তারিখের মধ্যে সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করতে হবে।
২. কেন্দ্রকে তার আওতাধীন প্রতিষ্ঠান থেকে প্রাপ্ত ব্যবহারিক খাতার নম্বর আগামী ৩০/১১/২০২১ তারিখের মধ্যে বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করতে হবে এবং উক্ত নম্বরের প্রতিষ্ঠান হতে প্রেরিত হার্ড কপি ১ কপি ও কম্পিউটার প্রিন্টের ১ কপি বোর্ডের মাধ্যমিক পরীক্ষা শাখায় আগামী ০২/১২/২০২১ তারিখের মধ্যে হাতে হাতে জমা প্রদান করতে হবে।
৩. এসএসসি পরীক্ষা- ২০২১ এর ধারাবাহিক মূল্যায়নের নম্বর প্রেরণের প্রয়োজন নেই।

বিদ্রূপঃ বিষয়ভিত্তিক ব্যবহারিক খাতা (নোট বুক) এর মোট নম্বর ২৫ (পঁচিশ) ধরে মূল্যায়ন করতে হবে।

  
২৪/১১/২০

প্রফেসর এস.এম. আমিরুল ইসলাম


পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন : ০২-২২৩৩৬৯৮১৫

কেন্দ্র সচিব/প্রধান শিক্ষক/অধ্যক্ষ

ঢাকা শিক্ষা বোর্ডের আওতাধীন এসএসসি পরীক্ষা-২০২১ কেন্দ্র/প্রতিষ্ঠান

  
২৪/১১/২০২১